ISO 9001:2015 Certified

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

দূরালাপনী :অফিস- ০৮৩৩২-৫৬৬৪২ অভিযোগ কেন্দ্র ০ঃ ০৮৩৩২-৫৬৬৬৩,ই-মেইলঃ habigonjpbs@yahoo.com, ওয়েবসাইটঃ www.pbs.habiganj.gov.bd

স্মারক নং ২৭.১২.৩৬৪৪.৫০৫.০১.০০৩.২৫ ৫৯৯২

তারিখঃ ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিঃ

"রিটেইনার ডাক্তার (খন্ডকালীন) পদে নিয়োগ বিজ্ঞপ্তি"

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর আওতাধীন নোয়াপাড়া জোনাল অফিসের জন্য রিটেইনার ডাক্তার (খন্ডকালীন) নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিকের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে।

শর্তাবলী ঃ

০১॥ প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।

০২॥ আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০৩॥ পবিসের আওতাভূক্ত এলাকায় সরকারী ডাক্তার হিসাবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদান করেছেন/করছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।

০৪॥ আলোচ্য পদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে।

০৫॥ নিয়োগচুক্তি বাতিল করতে হলে উভয়পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।

০৬॥ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে মাসিক রিটেইনার ফি ও অন্যান্য ফি প্রদান করা হবে।

০৭॥ একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।

০৮॥ সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে নোয়াপাড়া জোনাল অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯॥ ব্যক্তিগত চেম্বারে পবিসের যে কোন কর্মকর্তা/কর্মচারী সপ্তাহের যে কোন দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এজন্য কোন পৃথক ভিজিট বা ফি দেওয়া হবে না।

১০॥ দূর্ঘটনা বা যে কোন প্রয়োজনে পবিসের ভৌগলিক এলাকাস্থ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হবে। (এক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি দেওয়া হবে)।

১১॥ **আবেদনপত্রের প্রয়োজনীয় তথ্যাদিঃ**

আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, অন্যান্য শিক্ষাগত যোগ্যতার/ অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি, সাম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপি সমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। উপরোক্ত যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রার্থীগনকে আগামী ১৭/১২/২০২৫খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে সাদাকাগজে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদনপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১২॥ অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচনা করা হবে না।

(মোঃ জিল্লুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ করা হলো)

০১॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যয় পঃ (পূর্বাঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
০৩॥ সিভিল সার্জন, হবিগঞ্জ।
০৪॥ উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর/হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।
০৫॥ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাধবপুর/ হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।
০৬॥ ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/নোয়াপাড়া/নবীগঞ্জ/বানিয়াচং/চুনারুঘাট/লাখাই জোঃঅঃ,হপবিস।
০৭॥ এজিএম(অর্থ -হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/প্রশাসন/সদস্য সেবা/আইটি) ও এজিএম (ওএন্ডএম), বাহুবল/আজমিরীগঞ্জ/ইনাতগঞ্জ/মাধবপুর সাব জোনাল অফিস,হপবিস।
০৮। এজিএম (আইটি) (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
০৯॥ অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ জিল্লুর রহমান)
জেনারেল ম্যানেজার

F:\GS. Sec. File New\Extra\G.S.DEPT\Interview\600.01.doc.sabina